গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
**শৃঙ্খলা শাখা**
Mefwd.gov.bd

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০- ১৫২

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

## অভিযোগনামা

যেহেতু, আপনি, জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ-পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কুষ্টিয়ার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আব্দুস ছামাদ তালুকদারের স্বাক্ষর জাল করে নিপোর্টের পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ মতিয়ার রহমান ও অডিওভিজ্যুয়াল স্পেশালিষ্ট জনাব রাজিবুল হাসানকে জড়িয়ে দুর্নীতি দমন অফিসসহ বিভিন্ন অফিসে মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ দাখিল করেছেন;

যেহেতু, আপনার এ ধরনের মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ দাখিলের কারণে নিপোর্টের সাবেক মহাপরিচালক, পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ মতিয়ার রহমান, অডিওভিজ্যুয়াল স্পেশালিষ্ট জনাব রাজিবুল হাসান এবং FWVTI (বর্তমানে) RPTI কুষ্টিয়ার অধ্যক্ষ জনাব আব্দুস ছামাদ তালুকদারসহ ১২ জন অধ্যক্ষ ও ২০ জন প্রশিক্ষণ কর্মকর্তার সম্মানহানিসহ প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে, এ বিষয়ে আপনি লিখিত স্বীকারোক্তি প্রদান করেছেন, এবং আপনার উক্ত কার্যকলাপ অসংগত, চাকুরীর শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত। আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ধারা মোতাবেক অসদাচরণ এর পর্যায়ভুক্ত যা উক্ত বিধিমালার বিধি ৩ এর (খ) মোতাবেক **'অসদাচরণ'** এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক **'অসদাচরণ '** এর **অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'সরকারি চাকুরী হইতে বরখাস্তকরণ** (Dismissal from service)' **দন্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না,** সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

২৮/৯/20
(মোঃ আলী নূর)
সচিব

জনাব আব্দুল হামিদ মোড়ল
উপ-পরিচালক (প্রশিক্ষণ),
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০- ১৫২

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট),১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।

২। পরিচালক (প্রশাসন), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫। (তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

২৯/০৯/2020

(উম্মে কুলসুম)
উপসচিব
ফোন:৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
**শৃঙ্খলা শাখা**
Mefwd.gov.bd

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৩.২০-১৫৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব সাবিহা কবীর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে বানারীপাড়া, বরিশালে কর্মরত থাকাকালীন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বানারীপাড়া, বরিশাল অফিসের নন গেজেটেড কর্মচারীদের জিপিএফ অগ্রিম বিল, শ্রান্তি বিনোদন ভাতা ও দায়িত্ব ভাতার ৫টি বিলে সর্বমোট ২,৭৬,০৫০/- টাকা আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে স্বাক্ষর করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১১/১১/২০১০ তারিখের পপঅ/অর্থইউ/ক্যাশ/২০১০/৫৭৫/১(১১৫০) স্মারকে কোন অবস্থাতেই অফিস থেকে নগদ অর্থ কোন কর্মচারীকে পরিশোধ করা যাবে না মর্মে নির্দেশনা থাকা সত্ত্বেও উহা লঙ্ঘন করে উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী মো: জসিম উদ্দিনের মাধ্যমে ব্যাংক হতে নগদ অর্থ উত্তোলনের ব্যবস্থা করেন;

যেহেতু, আপনি জনাব মো: জসিম উদ্দিনকে ব্যাংক হতে ২,৭৬,০৫০/- টাকা নগদ উত্তোলনে সহযোগিতা করায় জনাব জসিম উদ্দিন উক্ত অর্থ কর্মচারীদের মধ্যে বিতরণ না করে আত্মসাত করেন;

যেহেতু, সরকারি নির্দেশনার প্রতি অবজ্ঞা প্রদর্শনপূর্বক আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ধারা মোতাবেক অসদাচরণ এর পর্যায়ভুক্ত যা উক্ত বিধিমালার ৩ এর (খ) বিধি মোতাবেক '**অসদাচরণ**' ও ৩ এর (ঘ) মোতাবেক '**দুর্নীতির**' দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (ঘ) মোতাবেক '**অসদাচরণ**' ও '**দুর্নীতি**' এর **অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' দন্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না**, সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

27/9/20
(মোঃ আলী নূর)
সচিব

জনাব সাবিহা কবীর
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
পঞ্চগড় সদর
পঞ্চগড়।

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৩.২০- ১৫৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭ / ২৯ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল/পঞ্চগড়

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

29/09/2020

(উম্মে কুলসুম)
উপসচিব
ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
**শৃঙ্খলা শাখা**
Mefwd.gov.bd

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৪.২০- ১৫৪

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব এস. এম. আরমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে বানারীপাড়া, বরিশালে কর্মরত থাকাকালীন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বানারীপাড়া, বরিশাল অফিসের নন গেজেটেড কর্মচারীদের ভ্রমন ব্যয় ও শ্রান্তি বিনোদনের ৩টি বিলে সর্বমোট ৬১,৩০৬/- টাকা আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে স্বাক্ষর করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১১/১১/২০১০ তারিখের পপঅ/অর্থইউ/ক্যাশ/২০১০/৫৭৫/১(১১৫০) স্মারকে কোন অবস্থাতেই অফিস থেকে নগদ অর্থ কোন কর্মচারীকে পরিশোধ করা যাবে না মর্মে নির্দেশনা থাকা সত্ত্বেও উহা লঙ্ঘন করে উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী মো: জসিম উদ্দিনের মাধ্যমে ব্যাংক হতে নগদ অর্থ উত্তোলনের ব্যবস্থা করেন;

যেহেতু, আপনি জনাব মো: জসিম উদ্দিনকে ব্যাংক হতে ৬১,৩০৬/- টাকা নগদ উত্তোলনে সহযোগিতা করায় জনাব জসিম উদ্দিন উক্ত অর্থ কর্মচারীদের মধ্যে বিতরণ না করে আত্মসাত করেন;

যেহেতু, সরকারি নির্দেশনার প্রতি অবজ্ঞা প্রদর্শনপূর্বক আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ধারা মোতাবেক অসদাচরণ এর পর্যায়ভূক্ত যা উক্ত বিধিমালার ৩ এর (খ) মোতাবেক **'অসদাচরণ'** ও ৩ এর (ঘ) মোতাবেক **'দুর্নীতির'** দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (ঘ) মোতাবেক **'অসদাচরণ '** ও **'দুর্নীতি'** এর **অভিযোগে** অভিযুক্ত করা হলো। **উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'সরকারি চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' দন্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার** আওতায় অন্য কোন **উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না,** সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

২৯/৯/২০
(মোঃ আলী নূর)
সচিব

জনাব এস এম আরমান
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
গোপালগঞ্জ সদর
গোপালগঞ্জ।

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৪.২০- ১৫৪

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,বরিশাল/ গোপালগঞ্জ।

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

২৯/০৯/2020

(উম্মে কুলসুম)
উপসচিব
ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd